



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.২০০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৮

১৪ আগস্ট ২০২১

বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২১ এর আওতায় ময়মনসিংহ ও রংপুর বিভাগে সিঙ্ক চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহের স্মারক নং ১৩.০১.০০০০.৪২৫.১৬.০১১.২১.৫৯৪, তারিখ: ১২/০৮/২১ খ্রি:

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের স্মারক নং ১৩.০১.০০০০.২৬৩.৪৫.০৩৬.২১.৭৯৬, তারিখ: ১৪/০৮/২০২১ খ্রি:

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকার স্মারক নং ১৩.০১.০০০০.০০০.৪৫.০০২.২১.১১৪২, তারিখ: ০১/০৮/২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি বোরো সংগ্রহ ২০২১ মৌসুমে ময়মনসিংহ ও রংপুর বিভাগের অনুকূলে যথাক্রমে ১,৬০,৬১৯ মেটন ও ২,৩২,৩০১ মেটন সিঙ্ক চালের সংগ্রহ লক্ষ্যমাত্রা প্রদান করা হয়। পরবর্তীতে খাদ্য মন্ত্রণালয় থেকে ময়মনসিংহ বিভাগে অতিরিক্ত আরো ২৫,০০০ মেটন ও রংপুর বিভাগে ৩০,০০০ মেটন সিঙ্ক চালের লক্ষ্যমাত্রা প্রদান করায় মোট লক্ষ্যমাত্রা দাঁড়ায় যথাক্রমে ১,৮৫,৬১৯ মেটন ও ২,৬২,৩০১ মেটন। ময়মনসিংহ ও রংপুর বিভাগের অর্ণবগত জেলাসমূহের মিলারদের চাহিদার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ সূত্রস্থ ১নং স্মারকে আরও ৫০০০ মেটন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সূত্রস্থ ২নং স্মারকে আরও ১৫,০০০ মেটন সিঙ্ক চালের চাহিদা প্রদান করেছেন। অপরদিকে ঢাকা বিভাগের অনুকূলে মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অতিরিক্ত ২৫০০০ মেটন সিঙ্ক চাল মিলারগণ বরাদ্দ গ্রহণের আগ্রহ প্রকাশ না করায় সূত্রস্থ ৩নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ২৫,০০০ মেটন সিঙ্ক চালের লক্ষ্যমাত্রা সমর্পণ করেছেন।


এমতাবস্থায়, বোরো সংগ্রহ/২০২১ এর জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) উপধারা মোতাবেক আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে উপর্যুক্ত ৩টি বিভাগের সিঙ্ক চালের সংগ্রহ লক্ষ্যমাত্রা সমন্বয় করা হলো। ৩টি বিভাগের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নের সারণিতে তুলে ধরা হলো।

ক্র: নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মেটন)	মন্ত্রণালয় থেকে প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মেটন)	সমর্পণকৃত লক্ষ্যমাত্রা (মেটন)	বর্তমানে প্রদানকৃত অতিরিক্ত লক্ষ্যমাত্রা (মেটন)	সমন্বয়ের পর স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মেটন)
১.	ময়মনসিংহ	১,৬০,৬১৯	২৫,০০০	০	৫০০০	১,৯০,৬১৯
২.	রংপুর	২,৩২,৩০১	৩০,০০০	০	১৫০০০	২,৭৭,৩০১
৩.	ঢাকা	১,১২,৩৯১	২৫০০০	২৫০০০	০	১,১২,৩৯১

অতিরিক্ত প্রদানকৃত সিঙ্ক চালের লক্ষ্যমাত্রা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। অতিরিক্ত লক্ষ্যমাত্রার জেলাওয়ারী বিভাজন খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ,

এমআইএসএন্ডএম ও অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।



১৪-৮-২০২১

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক

ফোন: +৮৮-০২-৮১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

বিতরণ :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
কার্যালয়, রংপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.২০০/১(৭)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৮  
১৪ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যাত্মক প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) সিটেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে  
প্রকাশের অনুরোধ করা হলো।



১৪-৮-২০২১

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক